



নম্বর: ০৪.০০.০০০০.৪১১.১১.০০১.২০.১৩৭

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭

১০ মার্চ ২০২১

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮-১১-২০২০ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১. ২৩৭৮.২০-১০৪ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে “বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪” অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্বখাতভুক্ত “প্রশাসনিক কর্মকর্তা” পদে ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০/- টাকার বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) নিম্নোক্ত প্রার্থীকে স্থায়ী পদে শিক্ষানবিস হিসেবে নিয়োগ করা হলো:

ক্রম	প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর	নাম, পিতা/স্বামী ও মাতার নাম	ঠিকানা
১.	রেজিস্ট্রেশন নম্বর-০০০১৭২	মোঃ আতিকুর রহমান, পিতা-মোঃ লুৎফর রহমান, মাতা-মোছাঃ আছমা বেগম	গ্রামঃ গবার পাড়া, ডাকঘরঃ বালুয়াহাট, থানাঃ সোনাতলা, জেলাঃ বগুড়া

**নিয়োগের শর্তাবলি:**

১. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
২. নিয়োগপ্রাপ্ত প্রার্থী যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।
৩. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে শারীরিক যোগ্যতা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৪. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
৫. এ নিয়োগপত্রে কোন শর্ত সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারের প্রচলিত আইন, বিধিমালা, আদেশ এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে।
৬. প্রার্থী চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

০২। উপরি-উক্ত শর্তাবলিতে চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০৭-০৪-২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০-৩-২০২১

মুহাম্মদ লুৎফর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৪৯৯৫

ফ্যাক্স: ৯৫১২২১৩

ইমেইল:

establishment\_sec@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১১.১১.০০১.২০.১৩৭/১(১৯)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭  
১০ মার্চ ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সিনিয়র সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
- ৪) অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৬) যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও বাজেট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৮) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৯) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ১০) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১৩) জনাব মোঃ আতিকুর রহমান, পিতা-মোঃ লুৎফর রহমান, মাতা-মোছাঃ আছমা বেগম, গ্রাম-গবার পাড়া, ডাকঘর- বালুয়াহাট, থানাঃ সোনাতলা, জেলাঃ বগুড়া
- ১৪) অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি